গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০২.২০১৭- ৪৯

তারিখঃ ১১ মাঘ ১৪২৪ / ২৪ জানুয়ারি ২০১৮

বিষয়ঃ সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৪ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্টিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত "ছকে" তথ্যসহ আগামি ০১-০২-২০১৮ তারিখের মধ্যে হার্ডকপি সরাসরি এবং সফট কপি পেনড্রাইভে (Nikosh font ১৩ সাইজে) প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি :সভার কার্যবিবরণী।

২৪.০১.১৮

(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোন:+৮৮০ ৪৭১২৪৩৫৯
admin3@ssd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৪। যুগ্মসচিব ..................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। উপসচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব ..................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১০। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা ,সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১১। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ।
১২। সহকারী সচিব.................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

**বিষয়ঃ সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন অধিদপ্তরসমূহের ডিসেম্বর ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতিঃ | ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| তারিখ ও সময়ঃ | ১৪ জানুয়ারি, ২০১৭, বেলা- ১১.০০ টায় |
| স্থানঃ | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ | পরিশিষ্ট-ক |

২। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। নভেম্বর' ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা নিশ্চিত করা হয়। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)কে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার অনুরোধ করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

| নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত (বাস্তবায়নকারী কর্মকর্তা/অধিদপ্তর) |
|---|---|---|
| ১. | **মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি :** | |
| | **ই- টেন্ডারিং :**<br>**বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ** চলতি অর্থ বছর হতে ক্রয় কার্যক্রমে ই-টেন্ডারিং পদ্ধতি চালু করা হয়েছে।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** কোন টেন্ডার আহবান করা হয়নি<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** ১০টি পণ্য/প্যাকেজ ক্রয়ের জন্য টেন্ডার আহবান /ক্রয় সম্পন্ন করা হয়েছে।<br>**কারা অধিদপ্তরঃ** ২১টি পণ্য/প্যাকেজ ক্রয়ের জন্য টেন্ডার আহবান /ক্রয় সম্পন্ন করা হয়েছে।<br>**সুরক্ষা সেবা বিভাগ :** কোন টেন্ডার আহবান করা হয়নি, | • যে সকল বিভাগ/সংস্থায় ই-টেন্ডারিং কার্যক্রম এখনও শুরু করেনি সে সকল দপ্তর/সংস্থা কর্তৃক অবিলম্বে ই-টেন্ডারিং কার্যক্রম আরম্ভ করা;<br>• সুরক্ষা সেবা বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তরে ২০১৭-১৮ অর্থ বছরের শুরু থেকে শতভাগ ক্রয় ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করা;<br>• ই-টেন্ডারিং এর প্যাকেজ প্রস্তুতকালে পন্যের ধরণ অনুযায়ী পৃথক পৃথক প্যাকেজ প্রস্তুত করা;<br>• ই-জিপিতে বিবেচ্যমাসে ক্রয়কৃত পণ্যের নাম ও প্যাকেজের সংখ্যা উল্লেখপূর্বক পরবর্তী সভায় তার তথ্য ছকে উপস্থাপন করা;<br>• সংশ্লিষ্ট উইং প্রধান কর্তৃক সকল দপ্তরে ই-টেন্ডারিং কার্যক্রম বাস্তবায়ন যথাযথভাবে তদারকি করা।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধানগণ/ উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) |

| | | |
|---|---|---|
| | • **বাংলাদেশ এবং ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/ সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ** গত ১০ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদিত হয়। চুক্তিটি স্বাক্ষরের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০৪-০৩-২০১৪ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে। গত ০৮-০২-২০১৫ তারিখে, ১৯-০৮-২০১৫ তারিখে ও ২৬-০২-২০১৭ তারিখে তাগিদপত্র দেয়া হয়েছে। তৎপ্রেক্ষিতে গত ১৭-০৮-২০১৭ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয় জানায় যে, ব্রাজিল সরকারের পক্ষ থেকে চুক্তির উপর কোন মতামত এখনও পাওয়া যায়নি। বিভিন্ন দ্বিপাক্ষিক বৈঠকে ব্রাজিলীয় সরকারের জ্ঞাতার্থে এ প্রসঙ্গটি উত্থাপিত হলে বিষয়টি তাঁদের সক্রিয় বিবেচনায় আছে মর্মে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে অবহিত করা হয়। গত ০৯-১০-২০১৭ তারিখে এবং সর্বশেষ ১৬-১১-২০১৭ তারিখে ভিসা অব্যাহতি চুক্তি স্বাক্ষরের বিষয়ে সর্বশেষ অগ্রগতি এ বিভাগ-কে অবহিত করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে পুনরায় অনুরোধ জানানো হয়। বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।<br>• **বাংলাদেশ এবং সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ** গত ০৫ মে, ২০১৪ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদিত হয়। চুক্তিটি স্বাক্ষরের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ১৬ জুন ২০১৪ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে গত ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখে সংশোধনকৃত বাংলায় অনুবাদ করা ভেটিংকৃত কপি পুনরায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। গত ১৬ নভেম্বর, ২০১৭ তারিখে ভিসা অব্যাহতি চুক্তি স্বাক্ষরের বিষয়ে সর্বশেষ অগ্রগতি এ বিভাগকে অবহিত করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে পুনরায় অনুরোধ করা হয়। | • পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রেখে চুক্তি স্বাক্ষরের বিষয়টি ত্বরান্বিত করা;<br>• জনাব মোঃ হেলাল উদ্দিন, অতিরিক্ত সচিব(বহিরাগমন ও পাসপোর্ট) কর্তৃক সার্বিক কার্যক্রম মনিটরিং করা;<br>• পররাষ্ট্র মন্ত্রণালয়ে অনিষ্পন্ন থাকা সুরক্ষা সেবা বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর এর বিষয়সমূহ যে সকল পত্রের মাধ্যমে প্রেরণ করা হয়েছিল তার একটি তালিকা প্রস্তুত করা;<br>• সংশ্লিষ্ট অঞ্চলভিত্তিক মহাপরিচালক বরাবরে বিষয়টি ত্বরান্বিতকরণের জন্য পত্র প্রেরণ করা।<br><br><u>বাস্তবায়নে :</u> নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ। |
| | • **জেল কোড সংশোধন :** The Prisoner`s Act ও জেল কোড সংশোধনের বিষয়ে মাননীয় আইন মন্ত্রীর সভাপতিত্বে ১৭-০৮-২০১৭ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। এ সভায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সিনিয়র সচিবের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়। ১০-০৯-২০১৭ তারিখে অনুষ্ঠিত এ কমিটির প্রথম সভায় **The Prisoner`s Act ও Jail Code** এর সংশোধিত খসড়া প্রণয়নের লক্ষ্যে ২টি উপকমিটি গঠন করা হয়। The Prisoner`s Act সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক অ্যাক্টের খসড়া ১০-১০-২০১৭ তারিখের মধ্যে মূল কমিটির নিকট দাখিলের জন্য ধার্য করা হয়েছে। Jail Code সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক Jail Code এর খসড়া পর্যালোচনাধীন রয়েছে। পর্যালোচনান্তে Jail Code এর খসড়া মূল কমিটির নিকট উপস্থাপন করা হবে। বিষয়টি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে।<br>• **নাগরিকত্ব আইন, ২০১৬:** বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬-এর চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের নিমিত্ত প্রেরণ করা হলে গত ০১-০২-২০১৬ তারিখে মন্ত্রিসভা বৈঠকে প্রস্তাবিত আইনের কিছু ধারা-উপধারায় সংশোধনী আনয়ন সাপেক্ষে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়েছে। সে | • আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে ভেটিং এর বিষয়টি ত্বরান্বিত করা;<br>• জেল কোড সংশোধনের নিমিত্ত ভেটিং এর বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পুনরায় স্মরণপত্র প্রেরণ করা, এ বিষয়ে জনাব মোঃ মহিবুল হক, অতিরিক্ত সচিব(কারা) প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br><br>বাস্তবায়নে : কারা অনুবিভাগ। |

<table>
<tr>
<td></td>
<td>প্রেক্ষিতে প্রস্তাবিত আইন ভেটিং এর জন্য গত ২৮-০৩-২০১৬ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বিগত ০২-০৮-২০১৭ তারিখে প্রস্তাবিত বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬ এর বিষয়ে সচিব, সুরক্ষা সেবা বিভাগ, সিনিয়র সচিব লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাসহ সভায় অংশগ্রহণ করেছেন। এখনও আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে ফেরত পাওয়া যায়নি।<br>সর্বশেষ অগ্রগতিঃ বিষয়টি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে।</td>
<td></td>
</tr>
<tr>
<td>২</td>
<td colspan="2">বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :</td>
</tr>
<tr>
<td></td>
<td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্তে সুরক্ষা সেবা বিভাগ এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব প্রদীপ রঞ্জণ চক্রবর্তী, অতিরিক্ত সচিব(অগ্নি) সভাকে জানান যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে অর্ধ-বার্ষিক মূল্যায়নে অর্জিত অগ্রগতির জাতীয় গড় হার ৯১.৪%। সুরক্ষা সেবা বিভাগ এর অর্জিত স্কোর ৯৬.৪%।</td>
<td>• বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির ফোকাল কর্মকর্তা কর্তৃক বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করা;<br>• অর্জিত সফলতার জন্য সন্তোষ প্রকাশ ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব প্রদীপ রঞ্জণ চক্রবর্তী, অতিরিক্ত সচিব(অগ্নি) অনুবিভাগসহ সংশ্লিষ্ট সকলকে সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন;<br>• অধিদপ্তর/সংস্থা প্রধানগণ কর্তৃক অধস্তন অফিসের বাস্তবায়ন অগ্রগতি Follow Up করে সুরক্ষা সেবা বিভাগে প্রতিবেদন প্রেরণ করা;<br>• আগামীতেও বার্ষিক কর্মসম্পাদন চুক্তির শতভাগ বাস্তবায়ন করে লক্ষ্যমাত্রা অর্জন করা;<br>• ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন কার্যক্রম তদারকি করা।<br><u>বাস্তবায়নে :</u> অতিরিক্ত সচিব (অগ্নি)/বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ফোকাল কর্মকর্তা/যুগ্মসচিব (প্রশাসন)</td>
</tr>
<tr>
<td>৩</td>
<td><u>সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের জনবল সংক্রান্ত থ্যাদি:</u>
<table>
<tr><td>মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর (মোট পদ সংখ্যা)</td><td>অনুমোদিত পদ</td><td>পূরণকৃত পদ</td><td>শূন্যপদ</td></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td></tr>
<tr><td>সুরক্ষা সেবা বিভাগ</td><td>২৬০</td><td>১৭১</td><td>৮৯</td></tr>
<tr><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :<br>সহকারী পরিচালক-এর ১০ টি পদে নিয়োগের জন্য ১০-১২-২০১৭ তারিখে ও প্রসিকিউটর-এর ০৪টি পদে নিয়োগের জন্য ০৯-১০-২০১৭ তারিখে পাবলিক সার্ভিস কমিশনে অধিযাচন প্রেরণ করা হয়েছে এবং ৩য় ও ৪র্থ শ্রেণির ২৪২টি শূন্য পদে লোক নিয়োগের বিজ্ঞপ্তি গত ২৭-১২-২০১৭ তারিখে পত্রিকায় প্রকাশ করা হয়েছে।</td><td>১৭০৬</td><td>১১৭৭</td><td>৫২৫</td></tr>
<tr><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>৮৯৯০</td><td>৭৭৩৫</td><td>১২৫৫</td></tr>
<tr><td>কারা অধিদপ্তর :<br>২২৮টি শূন্য পদে লোক নিয়োগের জন্য বিজ্ঞপ্তি গত ০৩-১০-২০১৭ তারিখে পত্রিকায় প্রকাশ করা হয়েছে। অবশিষ্ট শূন্য পদ পুরণের কার্যক্রম চলমান রয়েছে।</td><td>১২১৭৩</td><td>৯৫৫৫</td><td>২৬১৮</td></tr>
</table>
</td>
<td>• বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের নিয়োগকৃত জনবলের পুলিশ ভেরিফিকেশন কার্যক্রম ০১ (এক) সপ্তাহের মধ্যে সম্পাদন করা; এ বিষয়ে জনাব মোহাম্মদ মাসুদুর রহমান ভূইয়া কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;<br>• নতুন পদ সৃষ্টির বিষয়ে অনুমোদন ও ছাড়পত্র প্রদান করা;<br>• শূন্যপদে লোক নিয়োগের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা;</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর : ২৮ জন ৩য় শ্রেণির এবং ০১ জন ৪র্থ শ্রেণির নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। | ১১৮৪ | ১০৪৯ | ১৩৫ |
| মোট = | ২৪৩১৩ | ১৯৬৮৭ | ৪৬২৬ |

৪ অডিটঃ

**ক. অডিট আপত্তি নিষ্পত্তি (ব্রডশীট জবাব প্রদানের মাধ্যমে) :**

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১৪৬ | ৭২৭,১৯.০৬ | ২০ | ০৮ | ১৩৮ | |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| কারা অধিদপ্তর | ১৭৮ | ৭২২৮.২৬ | ০০ | ০৪ | ১৭৪ | |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ৪৭ | ৩১০৮০.২৮ | ২৮ | ০১ | ৪৬ | |
| মোট | ৩৭১ | ১১১০৩৯.৭১ | ৪৮ | ০৫ | ৩৫৮ | |

**সিদ্ধান্তসমূহ :**

- সকল প্রকার আপত্তির ব্রডশীট জবাব যথাসময়ে প্রদান নিশ্চিত করা;
- অধিদপ্তর/সংস্থাওয়ারী অডিটের শ্রেণি বিন্যাস অনুযায়ী সাধারণ, অগ্রিম, খসড়া ও সংকলন আপত্তির পৃথক পৃথক হিসাব সমন্বয় সভায় উপস্থাপন করা;
- প্রকল্প সংশ্লিষ্ট অডিট আপত্তিগুলোর জবাব ও নিষ্পত্তির কার্যক্রম কোন শাখা থেকে গ্রহণ করা হবে সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রশাসন অনুবিভাগ কর্তৃক নথি উপস্থাপন করা;
- আগামী সভার পূর্বেই ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে নিয়ে সভা করা;
- দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার সংখ্যা, নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অনুচ্ছেদ সংখ্যা, অডিট অধিদপ্তর কর্তৃক নিষ্পত্তিকৃত অনুচ্ছেদ সংখ্যা ইত্যাদি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ছকে উপস্থাপন করা;
- অধিদপ্তরের ফোকাল কর্মকর্তা কর্তৃক যথাসময়ে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার সকল প্রমাণকসহ কার্যপত্র যথাসময়ে প্রস্তুত নিশ্চিত করা;
- অধিদপ্তর সংশ্লিষ্ট অডিট ফোকাল কর্মকর্তা অধিদপ্তর এবং অডিট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রতিমাসে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার আয়োজন করা;
- দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভায় গৃহীত সুপারিশ বাস্তবায়নের জন্য অডিট দপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখা;
- রাজস্ব খাতে ব্যয়িত অর্থের উপর উত্থাপিত আপত্তির জবাব সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক উপস্থাপন এবং সিদ্ধান্ত প্রদান;
- সার্বিক কার্যক্রমটি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) কর্তৃক সমন্বয় করা।

**বাস্তবায়নে :** অনুবিভাগ প্রধান (সকল)/ফোকাল কর্মকর্তা

৫ মামলাঃ

সভায় সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ দপ্তরসমূহের মামলার অগ্রগতি নিম্নরূপ

| অধিদপ্তরের নাম | অনিষ্পন্ন মামলার সংখ্যা | সর্বশেষ অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১। কারা অধিদপ্তর | এটি মামলা-৪২টি<br>এএটি মামলা-৩৪টি<br>রিট মামলা-১১টি<br>লিভ টু আপীল-০৩টি | বিচারাধীন | |
| ০২। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | এএটি মামলা-০২টি<br>ফৌজদারী মামলা-০২টি<br>দেওয়ানী মামলা-১২টি<br>সিভিল রিভিশন-০১টি<br>রিট পিটিশন-৪৭টি<br>লিভ টু আপীল-০১টি | বিচারাধীন | |

- জনাব মো: মুহিবুল হক, অতিঃসচিব (কারা) কর্তৃক সংশ্লিষ্ট সকল কর্মকর্তার সমন্বয়ে বিদ্যমান মামলাসমূহের সর্বশেষ অগ্রগতি বিষয়ে পর্যালোচনা সভা করা;
- মামলায় সরকারী স্বার্থ রক্ষা করে নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করা;
- চলমান মামলাসমূহ যথাযথভাবে follow up করা;
- তদবিরের অভাবে কোন মামলা যেন খারিজ না হয় সেদিকে লক্ষ্য রাখা;
- দ্রুত মামলা নিষ্পত্তির লক্ষ্যে স্ব স্ব অধিদপ্তর কর্তৃক বিজ্ঞ কৌশলীর প্যানেল প্রস্তুত করত: নিয়োগ প্রক্রিয়া দ্রুত শেষ করা;
- মাসিক সমন্বয় সভায় সংস্থাওয়ারী মামলার অগ্রগতি উপস্থাপন করা।
- শাখা ও অধিশাখা কর্তৃক অধিদপ্তরের মামলাসমূহ মনিটরিং

| | | | |
|---|---|---|---|
| ০৩। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | এটি মামলা-০৩টি<br>এএটি মামলা-০২টি<br>রিট পিটিশন-৪২টি | বিচারাধীন | |
| ০৪। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | রিট পিটিশন-৫৪টি | বিচারাধীন | |

| | | |
|---|---|---|
| | (উপরের সারণি) | করা।<br>• মামলার এসএফ সংক্রান্তে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে রিসোর্স পারসন/প্রশিক্ষক এর সহযোগিতায় একটি প্রশিক্ষণের আয়োজন করা।<br>• প্রত্যেক দপ্তর/সংস্থা থেকে কমপক্ষে ০৩ জন কর্মকর্তাকে এসএফ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের জন্য মনোনয়ন প্রদান করা।<br>• প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে অতিরিক্ত সচিব(কারা) কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা;<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)অতিরিক্ত সচিব (কারা) /আইন ও শৃঙ্খলা অনুবিভাগ। |
| ৫ | **পেনশনঃ** | |
| | **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরঃ** বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে কোন পেন্ডিং পেনশন কেইস নাই।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আওতাধীন গোয়েন্দা অঞ্চল, ঢাকা-এর প্রাক্তন উপ-পরিদর্শক মরহুম বেলায়েত হোসেন এর পারিবারিক পেনশন অনিষ্পন্ন রয়েছে।<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৩টি পেনশন কেইস অনিষ্পন্ন রয়েছে। ০৩ টি অনিষ্পন্ন পেনশন কেইস এর মধ্যে ০১ টিতে অভিভাবক মনোনীত না থাকার কারণে, ০১ টিতে ২য় স্ত্রী থাকায় কোর্ট হতে সাকসেশন সার্টিফিকেট সংগ্রহ করে প্রেরণ না করার কারণে এবং ১টিতে গৃহ নির্মাণ অগ্রিম ও সুদ মওকুফ না হওয়ার কারণে নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না। বর্ণিত কাগজ পত্র সংগ্রহের কাজ চলমান আছে। কাগজ পত্র প্রাপ্তির পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>**কারা অধিদপ্তরঃ** কুড়িগ্রাম জেলা করাগারের অবসর প্রাপ্ত কারা তত্ত্বাবধায়ক ( চঃ দাঃ) জনাব মোঃ সোলায়মান আলীর অবসর ভাতা ২০-১১-২০১৭ তারিখে মঞ্জুর করা হয়েছে। | • সংশ্লিষ্ট বিভাগসমুহ কর্তৃক পেনশন কেইস দ্রুততার সাথে নিষ্পত্তি করা;<br>• সংশ্লিষ্ট অধিশাখা/শাখা কর্তৃক পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে মনিটরিং করা।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| ৬ | **পরিদর্শন :**<br>• বিবেচ্য মাসে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের কোন কর্মকর্তা কর্তৃক পরিদর্শন করা হয়নি।<br>• মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক জনাব সঞ্জয় কুমার চৌধূরী বিবেচ্য মাসের ০৯-১২-২০১৭ তারিখে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, খুলনা পরিদর্শন করেছেন।<br>• ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আলী আহাম্মেদ খান, পিএসসি (অবঃ)বিবেচ্য মাসের ১১-১২-২০১৭ হতে ১২-১২-২০১৭ তারিখে কক্সবাজার, উখিয়া, রামু ফায়ার স্টেশন ও কক্সবাজার সৈকত আধুনিক স্থল কাম নদী ফায়ার স্টেশনের সম্ভাব্য জায়গা এবং ২৭-১২-২০১৭ তারিখে নবনির্মিত ফতুল্লা ফায়ার স্টেশন পরিদর্শন করেছেন। এছাড়া বর্ণিত অধিদপ্তরের পরিচালক(পঃউঃপ্রঃ) লেঃ কর্ণেল এস,এম জুলফিকার রহমান, বিএসপি,পিএসসি,ইঞ্জিনিয়ার্স ০৭-১২-২০১৭ হতে ১২-১২-২০১৭ তারিখে বগুড়া জেলার শেরপুর, গাবতলী, নব নির্মিত শাহজাহানপুর ফায়ার স্টেশন, দিনাজপুরের সহকারী পরিচালকের দপ্তর ও দিনাজপুর ফায়ার ফায়ার স্টেশন, রংপুরের উপ-পরিচালক ও সহকারী পরিচালকের দপ্তর ও রংপুর ফায়ার স্টেশন, ১৬-১২-২০১৭ হতে ১৮-১২-২০১৭ তারিখে ঝিনাইদহ জেলার ঝিনাইদহ,কালিগঞ্জ ও নব নির্মিত ফায়ার স্টেশন ,যশোরের সহকারী পরিচালকের দপ্তর, যশোর ও ঝিকরগাছা ফায়ার স্টেশন, খুলনার উপ-পরিচালকের ও সহকারী পরিচালকের দপ্তর ও খুলনা নদী ফায়ার স্টেশন, ২৬-১২-২০১৭ হতে ২৯-১২-২০১৭ তারিখে সিলেটের উপ-পরিচালকের ও সহকারী পরিচালকের দপ্তর, সিলেট, সিলেট দক্ষিণ, ওসমানীনগর ও মৌলভীবাজার ফায়ার স্টেশন পরিদর্শন করেন এবং পরিচালক(অপাঃ ও মেইনঃ) মেজর একেএম শাকিল নেওয়াজ ১৫-১২-২০১৭ টাংগাইল জেলার মধুপুর ও ধনবাড়ি ফায়ার স্টেশন, ২০-১২-২০১৭ ও ২১-১২-২০১৭ তারিখে চট্টগ্রাম শহরের আগ্রাবাদ, নন্দনকানন,বন্দর, বায়েজিদ ইপিজেড ফায়ার স্টেশন পরিদর্শন করেন।<br>• কারা অধিদপ্তরের কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ ইফতেখার উদ্দীন ২৭ ডিসেম্বর/২০১৭ তারিখে নারায়নগঞ্জ জেলা কারাগার পরিদর্শন করেছেন। | |

**সিদ্ধান্তসমূহ :**

- অধিদপ্তরসমূহের চলমান উন্নয়ন প্রকল্প এবং মাঠ পর্যায়ের অফিসসমূহের কার্যক্রম মনিটর করা, সমস্যা চিহ্নিত করা এবং সমস্যা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উর্দ্ধতন কর্মকর্তাগণ কর্তৃক জেলার চলমান কার্যক্রম ও গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প নিয়মিত পরিদর্শন করা;
- প্রতিমাসে মহাপরিচালক, পরিচালক ও অন্যান্য যে সকল কর্মকর্তা পরিদর্শন করছেন তার বিবরণ নির্ধারিত ছকে প্রদান করা;
- পরিদর্শনকারী কর্মকর্তার সুপারিশসমূহ সচিবের একান্ত সচিব বরাবর প্রেরণ করা;
- পরিদর্শনকালে যদি এমন কোন বিষয়/সমস্যা পরিলক্ষিত হয় যা অধিদপ্তর পর্যায়ে নিস্পত্তিযোগ্য নয়, সেক্ষেত্রে তা প্রতিবেদন আকারে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, সুরক্ষা সেবা বিভাগে প্রেরণপূর্বক সংশ্লিষ্ট অনুবিভাগে এর অনুলিপি প্রেরণ করা।

৭ **অনিস্পন্ন বিষয়/পত্রাদি :**

**বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ** নির্ধারিত সময়ের মধ্যে অনিস্পন্ন বিষয়াদি নিস্পত্তির কার্যক্রম গ্রহন করা হচ্ছে;
**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** অনিস্পন্ন বিষয়াদি নিস্পত্তির যথাযথ ব্যবস্থা নেয়া হচ্ছে;
**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** অনিস্পন্ন বিষয়াদি নিস্পত্তির যথাযথ ব্যবস্থা নেয়া হচ্ছে;
**কারা অধিদপ্তরঃ** নির্ধারিত সময়ের মধ্যে অনিস্পন্ন বিষয়াদি নিস্পত্তির কার্যক্রম গ্রহন করা হচ্ছে।

- অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট ফোকাল কর্মকর্তাগণ কর্তৃক সুরক্ষা সেবা বিভাগের অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অনিস্পন্ন বিষয়সমূহ দ্রত নিস্পত্তি করা।

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / প্রশাসন ও অর্থ অনুবিভাগ

৮ **প্রশিক্ষণ :**

**(ক) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :**

| কর্মকর্তা/ কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | ক্রমপুঞ্জিত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | কর্মকর্তা/ কর্মচারী প্রতি প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| ১ম শ্রেণি | ৮১ | ৪২৬ | ৫ |
| ২য় শ্রেণি | ৩১ | ১১৬ | ৪ |
| ৩য় শ্রেণি | ৬৪০ | ৩৫৪৮ | ৬ |
| ৪র্থ শ্রেণি | ২৯৭ | - | - |

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :**

| | | | |
|---|---|---|---|
| ১ম শ্রেণি | ১৫৯ | ১৩২৪ | ৮.৩৩ |
| ২য় শ্রেণি | ১৭১ | ৪৮ | ০.৩ |
| ৩য় শ্রেণি | ১০৩৩ | ১৯২ | ০.২ |
| ৪র্থ শ্রেণি | ৩৪৩ | ০০ | ০০ |

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :**

| কর্মকর্তা/ কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | ক্রমপুঞ্জিত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | কর্মকর্তা/ কর্মচারী প্রতি প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) |
|---|---|---|---|
| ১ম শ্রেণি | ৩৪ | ১১২ | ৩.৫ |
| ২য় শ্রেণি | ৩৬০ | ৫৪০০ | ১৫ |
| ৩য় শ্রেণি | ১৮৩৪ | ৩৬৬০০ | ২০ |
| ৪র্থ শ্রেণি | ০০ | - | - |

কারা অধিদপ্তর :

| | | | |
|---|---|---|---|
| ১ম শ্রেণি | ৩৯ | ৬৬ | ৫ |
| ২য় শ্রেণি | ৪ | ১০ | ৫ |
| ৩য় শ্রেণি (সিভিল) | ৫২ | ১০ | ৫ |
| ৩য় শ্রেণি (ইউনিফর্ম) | ৩৪৬ | ৪১৬ | ২০৮ |
| ৪র্থ শ্রেণি | ১১ | ১০ | ৫ |
| | | | |

- Training Need Assess করে ২০১৭-১৮ অর্থ বছরের কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ সমাপ্ত করা;
- প্রশিক্ষণ মডিউলে APA ও NIS কে অন্তর্ভুক্ত রাখা;
- কর্মকর্তা/কর্মচারী প্রতি ৬০ ঘন্টার প্রশিক্ষণের মধ্যে ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ঘন্টা ও অবশিষ্ট প্রশিক্ষণ ঘন্টার পরিসংখ্যান মোট কর্মকর্তা/কর্মচারীওয়াইজ সভায় উপস্থাপন করা।

| | | |
|---|---|---|
| | (খ)<br>অস্ট্রেলিয়া সরকার কর্তৃক আয়োজিত "Countering the Financing of Terrorism"- এর আওতায় জনাব শাহ্ মো: ইমদাদুল হক, যুগ্মসচিব ও জনাব শিরীন রুবী, উপসচিব এর Return to Work Plan- বাস্তবায়ন | • অস্ট্রেলিয়া সরকার কর্তৃক আয়োজিত "Countering the Financing of Terrorism"- এর আওতায় জনাব শাহ্ মো: ইমদাদুল হক, যুগ্মসচিব ও জনাব শিরীন রুবী, উপসচিব এর Return to Work Plan- বাস্তবায়নে মহাপরিচালক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও মহাপরিদর্শক, কারা অধিদপ্তর কর্তৃক প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/ প্রশাসন ও অর্থ অনুবিভাগ/জনাব শিরীন রুবী,উপসচিব(কারা) |
| ৯ | ই-ফাইলিং : | |
| | জুন, ২০১৮ এর মধ্যে সকল অধিদপ্তর কর্তৃক ই-ফাইলিং কার্যক্রম পূর্ণরূপে বাস্তবায়নের জন্য রোডম্যাপ প্রস্তুত করা হয়েছে। | • রোড ম্যাপ অনুযায়ী ই-ফাইলিং কার্যক্রম পুর্ণাঙ্গরুপে অধিদপ্তরসমূহে শুরু করা;<br>• প্রতি অধিদপ্তরের আওতাধীন সংস্থা/অধিদপ্তরসহ এ মন্ত্রণালয়ের প্রত্যেক উইং, অধিশাখা ও শাখায় ই-ফাইলিং পুরোদমে শুরু করা;<br>• সময়ে সময়ে ই-ফাইলিং বাস্তবায়ন কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপন করা;<br>• সংশ্লিষ্ট উইং প্রধান কর্তৃক ই-ফাইলিং কার্যক্রম তদারকি করা।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/অনুবিভাগ প্রধান (সকল) |
| ১০ | ইনোভেশন ও উত্তম চর্চা : | |
| | | • মাসিক সমন্বয় সভায় ইনোভেশন বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক উপস্থাপন করা;<br>• বিভাগ/অধিদপ্তরওয়ারী চলমান ইনোভেশন ও উত্তম চর্চার তালিকা হালকরণ।<br>বাস্তবায়নে : অধিদপ্তর (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ/চীফ ইনোভেশন কর্মকর্তা। |
| ১১ | বিবিধ : | |
| | **১১.১ কর্মপরিকল্পনা প্রণয়ন :** | **১১.১** সমন্বয় সভায় স্ব স্ব অধিদপ্তর কর্তৃক কর্মপরিকল্পনা উপস্থাপন করা। বাস্তবায়নে : সংশ্লিষ্ট কমিটি |
| | **১১.২** বিশেষ ব্যবস্থায় কারাগারে গুরুত্বপূর্ণ মামলায় সাক্ষ্য গ্রহণের ব্যবস্থা গ্রহণ : | **১১.২** বিশেষ ব্যবস্থায় কারাগারে Audio-Visual পদ্ধতি স্থাপনের মাধ্যমে গুরুত্বপূর্ণ মামলায় সাক্ষ্য গ্রহণের ব্যবস্থা গ্রহণ করা।<br>বাস্তবায়নে : কারা অধিদপ্তর/কারা অধিশাখা |
| | **১১.৩** কয়েদি/হাজতি হাসপাতালে ভর্তির বিষয়ে জেল কোড অনুযায়ী ব্যবস্থা গ্রহণ : | **১১.৩** কয়েদি/হাজতিগণের হাসপাতালে চিকিৎসার বিষয়ে একটি নীতিমালা প্রণয়ন এবং নীতিমালার আওতায় সিভিল সার্জন/সরকারি হাসপাতালের চিকিৎসকগণকে যুক্ত করে একটি সুষ্ঠু ব্যবস্থাপনার আওতায় নিয়ে আসার কর্মপরিকল্পনা প্রণয়ন করা।<br>বাস্তবায়নে : কারা অধিদপ্তর/কারা অধিশাখা |
| | **১১.৪ ভিডিও কনফারেন্স** | সময়ে সময়ে ভিডিও কনফারেন্স এর আয়োজন করা।<br>বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ (আইসিটি সেল) |

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।